

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স শেষ বর্ষের ফলাফল প্রকাশ

স্টাফ রিপোর্টার, গাজীপুর

প্রকাশিত: ২০:৫৬, ২৬ জুলাই ২০২৩



জাতীয় বিশ্ববিদ্যালয়

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০২০ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফলাফল আজ (বুধবার) রাত ৮ টায় প্রকাশ করা হবে। এ পরীক্ষায় পাসের হার ৭১ দশমিক ২৭ শতাংশ। এতে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লাখ ৮৩ হাজার ৭৯ জন। এ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে ১ লাখ ৩০ হাজার ৪৮৯ জন শিক্ষার্থী। ১২২টি কেন্দ্রে ১৭৬টি কলেজে ২৮টি বিষয়ে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

প্রকাশিত ফলাফলে কোনো প্রকার অসংগতি বা ভুল পরিলক্ষিত হলে তা সংশোধন অথবা ফল সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা জাতীয় বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.nu.ac.bd/results](http://www.nu.ac.bd/results). [www.nubd.info/results](http://www.nubd.info/results))রাত ৮ টার পর থেকে এ পরীক্ষার ফলাফল পাওয়া যাবে।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক মো. আতাউর রহমান বিকেলে সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন।